

পত্র নং- বাঃ স্কাঃ(প্রশিক্ষণ)/২২২৬(২০০)২০২৪

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪


পরিপত্র

বিষয় : ৪৯তম সহকারী লিডার ট্রেনার কোর্স (সিএএলটি) এ অংশগ্রহণের জন্য প্রশিক্ষার্থীগণের তালিকা প্রেরণ সম্পর্কীয়।

বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় সদর দফতরের পরিচালনা ও ব্যবস্থাপনায় জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে আগামী ৩০ এপ্রিল থেকে ০৬ মে ২০২৪ পর্যন্ত ৪৯তম কোর্স ফর অ্যাসিসট্যান্ট লিডার ট্রেনার্স (সিএএলটি) আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যে সকল দক্ষ ইউনিট লিডার/স্কাউটারবৃন্দ ভবিষ্যতে স্কাউট প্রশিক্ষক হিসেবে দ্বৈতশ্রম ও যথেষ্ট সময় ব্যয় করতে আত্মহী, আইসিটিতে দক্ষ ও প্রতিশ্রুতিশীল স্কাউটারবৃন্দ উক্ত কোর্সে প্রশিক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবেন। অংশগ্রহণকারীগণের যাচাই-বাছাই (লিখিত ও সাক্ষাৎকার গ্রহণপূর্বক) ও মূল্যায়নপূর্বক যোগ্যতা/ মেধাক্রম অনুসারে তালিকা প্রেরণ করতে হবে।

২। অংশগ্রহণের যোগ্যতা:

- ক) প্রশিক্ষার্থীকে যে কোন শাখায় উদ্যোক্তাপ্রাপ্ত হতে হবে এবং উদ্যোক্তা অর্জনের পর কমপক্ষে দুই বছর দক্ষতার সাথে ইউনিট পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে; নিজ ইউনিট এর কাব স্কাউট/ স্কাউট/ রোভার স্কাউটদের নিয়ে ক্যাম্প করার অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। (ক্যাম্প অংশগ্রহণের প্রমাণপত্র আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে);
 - খ) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে স্নাতক বা সমমানের হতে হবে; (সনদের কপি সংযুক্ত করতে হবে)
 - গ) নিজ ইউনিটের অন্ততঃ ২ জন কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট সদস্যকে সর্বোচ্চ অ্যাওয়ার্ড অর্জনে সক্রিয়ভাবে সহায়তা প্রদান (ইউনিট থেকে জেলা স্কাউটস পর্যন্ত ফরম প্রেরণের প্রমাণপত্র আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে);
 - ঘ) উদ্যোক্তা অর্জনের পর কমপক্ষে নিজ শাখায় দুইটি ইউনিট লিডার বেসিক কোর্সে কাউন্সিলর/প্রশিক্ষক হিসেবে সফলভাবে কাজ করার অভিজ্ঞতা;
 - ঙ) ১৫ এপ্রিল ২০২৪ তারিখে বয়স ন্যূনতম ৩০(ত্রিশ) বছর হতে হবে। (বয়স প্রমাণে এস এস সি/ সমমান সনদের ফটোকপি আবেদন ফরম এর সাথে সংযুক্ত করতে হবে);
 - চ) সকল আবেদন অবশ্যই সংশ্লিষ্ট অঞ্চলের সুপারিশসহ আবেদন ফরম জাতীয় সদর দফতরে প্রেরণ করবে।
 - ৩। প্রশিক্ষার্থী বাছাইয়ে মাদ্রাসা ও কারিগরি শিক্ষক ও মহিলা লিডারদের অগ্রাধিকার দেয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, একটি অঞ্চল সর্বোচ্চ ১০ জনের তালিকা প্রেরণ করতে পারবে।
 - ৪। প্রশিক্ষার্থী মনোনয়নের ক্ষেত্রে ইংরেজি এবং কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে দক্ষদের (যেমন- কম্পোজ করতে পারা, ইন্টারনেট ব্যবহার, ই-মেইল আদান-প্রদান, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরী করতে পারা, ভার্সুয়াল মিটিংয়ে যোগদান প্রভৃতি বিষয়ে) অগ্রাধিকার দেয়া হবে।
 - ৫। মনোনীত প্রশিক্ষার্থীগণকে মাথাপিছু ৫০০.০০ (পাঁচ শত) টাকা হারে রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে। বর্ণিত যোগ্যতার সনদ/প্রমাণপত্র এবং এই সাথে সংযুক্ত ফরমে যোগ্য প্রশিক্ষার্থীদের হালনাগাদ তথ্যসহ তালিকা আগামী ১৫ এপ্রিল ২০২৪ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জাতীয় সদর দফতরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য; কোর্স কর্তৃপক্ষ অংশগ্রহণকারীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করবেন।
 - ৬। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না।
 - ৭। উল্লেখ্য যে, জাতীয় সদর দফতরের প্রশিক্ষণ বিভাগ থেকে উক্ত কোর্সের প্রশিক্ষার্থীদের মনোনয়ন চূড়ান্ত করে যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।
- ৪৯তম সিএএলটি এর সফল আয়োজনে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করি।


০২/০৪/২০২৪
(উনু চিং)

নির্বাহী পরিচালক (অতিঃ দায়িত্ব)
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। আঞ্চলিক উপ কমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ০২। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ০৩। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ০৪। পরিচালক, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুর;
- ০৫। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ, সকল।

সদয় জ্ঞাতার্থে :

- ০১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
- ০২। জাতীয় কমিশনার, সকল, বাংলাদেশ স্কাউটস;
- ০৩। জাতীয় প্রশিক্ষণ কমিটির সদস্য, সকল;
- ০৪। জাতীয় উপ কমিশনার, সকল, বাংলাদেশ স্কাউটস।